

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৭৩.১৩.

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৪  
০৬ মার্চ ২০১৮

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ আসাদুজ্জামান (২২১৯৩), প্রভাষক, (দর্শন), সরকারি এম.এম কলেজ, যশোর এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/২০০৩) এর ১১(গ) ধারায় ট্রাইব্যুনাল, ঝিনাইদহ এ মামলা নং-৮৩/২০১৩ দায়ের করা হয় এবং মহামান্য হাইকোর্ট থেকে তিনি আগাম জামিন লাভ করেন। সে পরিপ্রেক্ষিতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, পরবর্তীতে তিনি মামলা অব্যাহতির জন্য সংশ্লিষ্ট আদালতে আবেদন করলে, বিজ্ঞ আদালত (নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনাল, ঝিনাইদহ) কর্তৃক গত ১৩/০৮/২০১৭ তারিখ হতে মামলা হতে অব্যাহতি প্রদান করেন। সে পরিপ্রেক্ষিতে তাকে চাকরিতে পুনর্বহাল করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, মাননীয় আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ আসাদুজ্জামান (২২১৯৩), প্রভাষক, (দর্শন), সরকারি এম.এম কলেজ, যশোর এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক চাকরিতে পুনর্বহালসহ বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।


০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত/-  
তারিখ: ০৪.০৩.২০১৮  
(মোঃ সোহরাব হোসাইন)  
সচিব

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৭৩.১৩. ১৬৪/১ (৭) তারিখ: ২২ ফাল্গুন ১৪২৪  
০৬ মার্চ ২০১৮

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (জনাব মোঃ আসাদুজ্জামান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, সরকারি এম.এম কলেজ, যশোর।
- ৩। উপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, যশোর।
- ৭। জনাব মোঃ আসাদুজ্জামান (২২১৯৩), প্রভাষক, (দর্শন), সরকারি এম.এম কলেজ, যশোর।

  
(জাকিয়া খানম)  
যুগ্মসচিব